সবুজ কফিতে চুলের যত্নের নতুন সমাধান প্রাকৃতিক উপাদানে চুল পড়া রোধ ও গোড়া মজবুত



সংগৃহীত ছবি

প্রচলিত প্রসাধনীতে ফল না পেয়ে অনেকেই চুল পড়ার সমস্যায় ভুগছেন। এ অবস্থায় সবুজ কফি হতে পারে কার্যকর সমাধান। এতে থাকা অ্যান্টিঅক্সিড্যান্ট ও অ্যামিনো অ্যাসিড চুলের গোড়া শক্ত করে, উজ্জ্বলতা বাড়ায় এবং মাথার ত্বককে সুস্থ রাখে।

আবহাওয়ার পরিবর্তনে চুল পড়ার সমস্যা বেড়ে যায়, যা অনেকের জন্য দুশ্চিন্তার কারণ। দামি শ্যাম্পু ও প্রসাধনী ব্যবহারেও ফল মেলে না সবসময়। কিন্তু প্রাকৃতিক উপাদান সবুজ কফি হতে পারে চুল পড়া রোধের কার্যকর উপায়।

সবুজ কফি আসলে ভাজা হয়নি এমন কফির বীজ। এতে বিদ্যমান অ্যান্টিঅক্সিড্যান্ট মাথার ত্বকে রক্ত সঞ্চালন বাড়িয়ে চুলের ক্ষয় রোধ করে। এছাড়া এতে থাকা অ্যামিনো অ্যাসিড চুলকে করে আরও মজবুত।

LENS ASIA

ব্যবহারের উপায়:

কন্ডিশনার হিসেবে: সবুজ কফি দানা ফুটিয়ে পানি ঠান্ডা করে শ্যাম্পুর পর মাথায় ব্যবহার করলে চুল হয় উজ্জ্বল ও গোড়া শক্ত।

হেয়ার প্যাক: সবুজ কফি গুঁড়া, অ্যালোভেরা জেল ও নারকেল তেল মিশিয়ে পেস্ট বানিয়ে চুলে লাগালে কমে মাথার ত্বকের শুষ্কতা।

স্ক্রাব: সবুজ কফি গুঁড়া, অলিভ ওয়েল ও মধু দিয়ে তৈরি স্ক্রাব চুলের ত্বকের ময়লা ও মৃত কোষ দূর করতে সাহায্য করে।

সতর্কতা:

সপ্তাহে সর্বোচ্চ দুই দিন ব্যবহার করা উচিত। অতিরিক্ত ব্যবহার করলে মাথার ত্বক শুষ্ক হতে পারে। তাই সবসময় টাটকা গুঁড়া ব্যবহার এবং প্রথমে প্যাচ টেস্ট করা জরুরি।

নিয়মিত ব্যবহার করলে সবুজ কফি চুল পড়া কমানোর পাশাপাশি এনে দেবে উজ্জ্বল, স্বাস্থ্যকর ও মজবুত চুল।